# রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক)

সরকার ১৭ই মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শতবর্ষ জন্মদিনকে সাধারণ ছুটি হিসেবে ঘোষণা করেন। বাংলাদেশে ২০২০ সালের ১৪ দিনের সাধারণ ছুটির তালিকায় ১৭ ই মার্চকেও সাধারণ ছুটি হিসেবে ঘোষণা করা হয়। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯২০ সালের ১৭ই মার্চ গোপালগঞ্জের টুঙ্গিপারায় জন্মগ্রহণ করেন। প্রধানমন্ত্রী এবং আওয়ামীলীগ এর সভানেত্রী শেখ হাসিনা বঙ্গবন্ধুর শতবর্ষ জন্মদিনকে উদযাপনের জন্য ১৭ই মার্চ ২০২০ থেকে এক বছরের জন্য 'মুজিব বর্ষ' শীর্ষক শতবর্ষ হিসেবে উদযাপিত হয়ে আসছে।

জাতিসংঘ ১৯৫৪ সালে এ দিবসটি পালনের সিদ্ধান্ত গ্রহণ করেন। প্রতিবছর অক্টোবর মাসের প্রথম সোমবার বিশ্ব শিশু দিবস পালন করা হয়ে থাকে। বাংলাদেশে ১৭ই মার্চ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিনটিকেই শিশু দিবস হিসেবে পালিত হয়। এ দিবস পালনের উদ্দেশ্য হল-শিশু কিশোরদেরও সঠিকভাবে গড়ে তুলতে হবে ও তাদের উজ্জ্বল ভবিষ্যতের পথ নির্দেশ দিতে হবে।

১৯৭১ সালের ২৫ মার্চ কালো রাতে পাকিস্তাানি হানাদার সৈন্যরা বাঙ্গালীদের বর্বরভাবে হত্যা করে। এই শহীদরে স্মরণে ২৫ মার্চ পালিত হয় গণহত্যা ও জাতীয় দিবস। ১৯৭১ সালের ২৬ মার্চ বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করা হয় এবং পৃথিবীর মানচিত্রে একটি নতুন স্বাধীন রাষ্ট্র হিসেবে অন্তর্ভূক্ত হয়। এ দিনের নতুন সুর্য উদয়ের মধ্য দিয়ে আমাদের জাতীয় জীবনের শুরু হয় নতুন এক অধ্যায়। ৩০ লক্ষ প্রাণের বিনিময়ে অর্জিত এই স্বাধীনতাকে দেশ ও জাতি শ্রদ্ধা ভরে স্মরণ করে এবং জাতীয় দিবস হিসেবে উদযাপন করে।

রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক) ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস, ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস যথাযোগ্য মর্যাদার সাথে সমগ্র দেশব্যপী সকল জেলার আওতায় বিভিন্ন অঞ্চলে উদযাপন করেছে। উক্ত দিবস পালন উপলক্ষ্যে মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ) কর্তৃক নির্দেশনাকে অনুসরণ করে জেলা পর্যায়ে সদরে অবস্থিত অফিসসহ বিভিন্ন অঞ্চলে কার্যক্রমসমূহ বাস্তবায়িত হয়। স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে জেলা প্রশাসকের কার্যালয়ের নির্দেশনানুসারে জেলা পর্যায়ে ''মুক্তির উৎসব ও সুবর্ণজয়ন্তী মেলা'' উদযাপন এর অংশ হিসেবে ঢাকা এবং অন্যান্য অঞ্চলে মেলার আয়োজন করা হয়।

**বাস্তবায়িত কার্যক্রমসমূহ :**

- অফিস প্রাঙ্গনে জাতীয় পতাকা উত্তোলন
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১৭ মার্চ জন্মবার্ষিকী ও ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে জাতির পিতার প্রতিকৃতিতে ও স্থানীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ
- র‍্যালী ও মানববন্ধন
- শিশুদের সংস্কৃতিক অনুষ্ঠান
- স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে ''মুক্তির উৎসব ও সুবর্ণজয়ন্তী মেলা'' উদযাপন
- ২৬ মার্চ ২০২২ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে কেন্দ্রীয় পর্যায়ে আলোচনা সভা

# বাস্তবায়িত কার্যক্রমের আলোকচিত্রঃ










"১৭ই মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর
১০২তম জন্ম বার্ষিকীতে তাঁকে শ্রদ্ধাভরে স্মরণ করছি"
রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক)
স্থান : ফেনী জেলা
তারিখ : ১৭ই মার্চ ২০২২


"১৭ই মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর
১০২তম জন্ম বার্ষিকীতে তাঁকে শ্রদ্ধাভরে স্মরণ করছি"
রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক)
তারিখ : ১৭ই মার্চ ২০২২
SHOT ON POCO X3 NFC


"১৭ই মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর
১০২তম জন্ম বার্ষিকীতে তাঁকে শ্রদ্ধাভরে স্মরণ করছি"
রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক)
তারিখ : ১৭ই মার্চ ২০২২
POCOPHONE
SHOT ON POCOPHONE F1


"১৭ই মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর
১০২তম জন্ম বার্ষিকীতে তাঁকে শ্রদ্ধাভরে স্মরণ করছি"
রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক)
স্থান : মুন্সীগঞ্জ সদর
তারিখ : ১৭ই মার্চ ২০২২


রিক পিরোজপুর সদর
মহান স্বাধীনতা দিবস
শ্রদ্ধাঞ্জলি

# ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মবার্ষিকীতে জাতীয় শিশু দিবস উদযাপন-২০২২











RIC
জাতির পিতা বঙ্গবন্ধু
রহমান-এর জন্মবার্ষিকী
তারিখ: ১৭ মার্চ
গোপালগঞ্জ।
আয়োজনে: সমৃদ্ধি
সেন্টার (রিক)
সহযোগিতায়: পল্লী
(পিকেএসএফ)



# ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মবার্ষিকীতে জাতীয় শিশু দিবস-২০২২ উপলক্ষে বিনামূল্যে স্বাস্থ্যসেবা ও চক্ষুসেবা প্রদান






প্রবীণদের স্বাস্থ্যসেবা
প্রবীণ কল্যাণ কর্মসূচি


আড়িয়ল ইউনিয়ন "সমৃদ্ধি কর্মসূচীর" উদ্যোগে
স্ত্রী স্বাস্থ্য ও চক্ষু ক্যাম্প এবং ছানী অপারেশন
বাস্তবায়নে ঃ রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক)
অর্থায়নে ঃ পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)


2022. 03. 22 12:00



# ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন -২০২২












মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২২




শ্রদ্ধাঞ্জলি
ফেনী পৌরসভা, ফেনী।
মহান
স্বাধীনতা ও
জাতীয় দিবস
র‍্যালি


রিক-কুমিল্লা এরিয়া




সফল ও সার্থক হোক
২৬ মার্চ
মহান স্বাধীনতা ও জাতীয় দিবস
সকল বীর শহিদের প্রতি
বিনম্র
শ্রদ্ধাঞ্জলি
স্থান : বাগেরহাট এরিয়া ।

# স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে জেলা পর্যায়ে 'মুক্তির উৎসব ও সুবর্ণজয়ন্তী মেলা উদযাপন -২০২২












# ২৬ মার্চ ২০২২ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে কেন্দ্রীয় পর্যায়ে আলোচনা সভা







